



স্মারক নং ইআবি/একা-৩২/ফা.২য়.ভর্তি/২০১৭/৭৯২৪

তারিখ: ২৭/৩/২০১৭

ফাজিল (অনার্স) ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে পুনঃভর্তি/সেশন ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ফাজিল (অনার্স) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এ উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নবর্ণিত তফসিল অনুসারে অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে পুনঃভর্তি কার্যক্রম শুরু করতে হবে :

তফসিল:

(ক) ফাজিল অনার্স শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এর ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যেই অনার্স মাদরাসাসমূহ তাদের স্ব স্ব মাদরাসার সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পুনঃভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। আদায়কৃত ফি' ব্যাংকে জমা দিয়ে এর ব্যাংক অনলাইন/টি.টি, রশিদ পরবর্তী ১৫ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে (একাডেমিক শাখা) জমা দিতে হবে।


(খ) ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পুনঃভর্তি/সেশন ফি' নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে ভর্তি/সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	পুনঃভর্তি /সেশন ফি'	ক্রীড়া ফি'	রোডার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
ফাজিল (অনার্স)	৩০০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের ফাজিল অনার্স ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই আদায়কৃত ফি' সমূহ {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে}} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD)0200004383365 অগ্রণী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল অনার্স শ্রেণীতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} স্বাপেক্ষে ফাজিল অনার্স পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে পুনঃ ভর্তি হতে হবে এবং পুনঃ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং কার্যক্রম (তফসিল গ- এর বর্ণনা অনুযায়ী) সম্পন্ন করে ১৫ দিনের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়া সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক ট্রিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা আলাদা আলাদা করে জমা দিতে হবে।


২৭/৩/২০১৭

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়